



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



১৪৪৭২

নং-বামাশিবো/প্রশাসন/রংপুর-১১৫/ ২৬৮/৪

তারিখঃ ০২ / ০৭ / ২০১৮খ্রিঃ

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগের প্রদত্ত ০৮.০৫.২০১৮খ্রিঃ আদেশ অনুযায়ী Annexure-K নিষ্পত্তিকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার তারাগঞ্জ উপজেলাধীন দোহাজারী বিড়াবাড়ী ইসলামিয়া দ্বি-মুখী দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির নির্বাচিত সদস্য মোঃ অহেদ আলী কর্তৃক মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ২২৬৫/২০১৮ দায়ের করেন। উক্ত রিট পিটিশন দায়ের এর প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বাদী কর্তৃক অত্র বোর্ডে দাখিলকৃত ০৬.০৩.২০১৮খ্রিঃ তারিখের আবেদন (Annexure-K) নিষ্পত্তির জন্য আদেশ জারি করেন। আদেশের প্রেক্ষিতে আবেদনসহ অত্র বোর্ডে রক্ষিত মাদ্রাসা সংক্রান্ত নথিটি পর্যালোচনা পূর্বক মতামত প্রদানের জন্য বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার নিকট প্রেরণ করা হয়। বিজ্ঞ আইন উপদেষ্টা বিস্তারিত পর্যালোচনান্তে নিয়োক্ত মতামত প্রদান করেছেন-

মাননীয় হাইকোর্ট বিভাগ রিট পিটিশন নং- ২২৬৫/২০১৮ এ প্রদত্ত ০৮.০৫.২০১৮ইং তারিখের আদেশ মোতাবেক মামলার দরখাস্তকারীদের ০৬.০৩.২০১৮খ্রিঃ তারিখের দরখাস্ত ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিষ্পত্তির নির্দেশ দেয়া হয়। নথিতে প্রাপ্ত ২৯/১০/২০১৭খ্রিঃ তারিখের তদন্ত প্রতিবেদন অনুযায়ী সভাপতি নির্বাচনের উদ্যোগ নেয়া হয়েছিল। কোরাম সংকটের কারণে নির্বাচন করা সম্ভব হয়নি। বর্ণিত দরখাস্তের মাধ্যমে ম্যানেজিং কমিটির নির্বাচিত সদস্যদের সমন্বয়ে পুনরায় সভাপতি নির্বাচনের সভা আহবান করার অনুমতির আদেশ প্রার্থনা করা হয়েছে। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা- ২০০৯ এর প্রবিধান- ৮(১) মোতাবেক সভাপতি ব্যতীত অন্যান্য সদস্য নির্বাচন সম্পন্ন হইবার অনধিক ০৭ (সাত) দিনের মধ্যে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান সভাপতি নির্বাচনের উদ্দেশ্যে ম্যানেজিং কমিটির উক্তরূপ নির্বাচিত সদস্যগণের একটি সভা আহবান করিবেন। উল্লেখ্য, বর্ণিত মাদ্রাসার ম্যানেজিং কমিটির সদস্যগণ ০৩/০৫/২০১৭খ্রিঃ তারিখে নির্বাচিত হওয়ার পর বিধি মোতাবেক সভাপতি নির্বাচিত করিতে ব্যর্থ হওয়ায় ০৬.০৩.২০১৮খ্রিঃ তারিখের আবেদন মোতাবেক অনুমতি দেওয়ার আইনগত সুযোগ নেই।

বর্ণিত অবস্থায় অত্র বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টা কর্তৃক প্রদত্ত মতামতের বিষয়টি সংশ্লিষ্ট সকলকে জানিয়ে দেয়া হলো এবং ০৬.০৩.২০১৮খ্রিঃ তারিখের আবেদন (Annexure-K) নিষ্পত্তি করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) সুপার, দোহাজারী বিড়াবাড়ী ইসলামিয়া দ্বি-মুখী দাখিল মাদ্রাসা, তারাগঞ্জ, রংপুর।

২) মোঃ অহেদ আলী গং, পিতা- মৃত শাহজাদা মিয়া, গ্রাম- দোহাজারী, উপজেলা- তারাগঞ্জ, রংপুর।

(রিট পিটিশন নং- ২২৬৫/২০১৮ এর বাদী)

নং-বামাশিবো/প্রশাসন/রংপুর-১১৫/

তারিখঃ / / ২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, তারাগঞ্জ, রংপুর।
২. জেলা শিক্ষা অফিসার, রংপুর।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তারাগঞ্জ, রংপুর।
৪. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
৫. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪